রাজনীতিতে শেখ হাসিনার ফ্যাসিস্ট পার্টির জায়গা নেই : ড. ইউনূস

written by Chandradip News24 | October 30, 2024

চন্দ্রদ্বীপ ডেস্ক :: বাংলাদেশের রাজনৈতিক পরিস্থিতি নিয়ে ব্রিটিশ সংবাদমাধ্যম ফিনান্সিয়াল টাইমসকে দেয়া সাক্ষাৎকারে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বলেছেন, “বাংলাদেশে শেখ হাসিনার ফ্যাসিস্ট পার্টির কোনো জায়গা নেই।”

তিনি অভিযোগ করেছেন যে, আওয়ামী লীগ ক্ষমতায় থাকাকালে ফ্যাসিবাদের সব বৈশিষ্ট্য প্রদর্শন করেছে। ড. ইউনূস বলেন, “নিকট ভবিষ্যতের কথা চিন্তা করলে, বাংলাদেশের রাজনীতিতে আওয়ামী লীগের কোনো জায়গা নেই।” তবে তিনি জানান, অন্তর্বর্তী সরকার আওয়ামী লীগের ভাগ্য নির্ধারণ করবে না।

ড. ইউনূস আরও বলেন, “আওয়ামী লীগের সময়ে জনগণের স্বাধীনতা ছিল না। রাজনীতির প্রতিটি ক্ষেত্র তারা দখল করে রেখেছিল এবং নিজেদের স্বার্থে সবকিছু করেছে।”

তিনি উল্লেখ করেন যে, আওয়ামী লীগ নির্বাচনে অংশগ্রহণ করতে পারবে

কিনা, সে সিদ্ধান্ত রাজনৈতিক দলগুলোর ঐক্যমতের ভিত্তিতে নিতে হবে। এছাড়া, শেখ হাসিনার বিরুদ্ধে মানবতাবিরোধী অপরাধের চার্জ গঠন করা হলে ভারত সরকারের কাছে আপাতত তাকে ফেরত চাওয়া হবে না বলে জানান তিনি। সাজা ঘোষণা হলে বন্দিবিনিময় চুক্তির আওতায় তাকে ফেরত আনার চেষ্টা করা হবে বলেও জানান।

এ সময়, ভারতের বিরুদ্ধে পর্যাপ্ত সহযোগিতা না পাওয়ার ইঙ্গিত দিয়ে শান্তিতে নোবেলজয়ী ড. ইউনূস বলেন, “প্রতিবেশি হওয়ায় দুই দেশের মধ্যে সম্পর্ক ভালো থাকা দরকার।”